

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪২০(আগরতলা ১।১)
আগরতলা, ১ জানুয়ারি, ২০২৪

জাতীয় স্কুল ব্যান্ড প্রতিযোগিতায় অংশ নেবে বিশ্রামগঞ্জের সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্রীরা

ছাত্রছাত্রীদের মধ্যে মূল্যবোধ, দেশপ্রেম ও ঐক্যের চেতনাকে পুনরুজ্জীবিত করতে আয়োজন করা হয় জাতীয় স্কুল ব্যান্ড প্রতিযোগিতা। রাজ্যস্তর হয়ে জোনাল লেভেল ব্যান্ড প্রতিযোগিতার বিজয়ীরা এই জাতীয় স্কুল ব্যান্ড প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে। সম্প্রতি ইন্টার্ন জোনাল লেভেল ব্যান্ড প্রতিযোগিতায় রাজ্যের 'ব্রাস ব্যান্ড-গার্লস' দলটি প্রথমস্থান অর্জন করে। ফলে ব্যান্ডটি জাতীয় স্কুল ব্যান্ড প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ লাভ করেছে। সমগ্র শিক্ষা অভিযানের স্টেট প্রোজেক্ট ডাইরেক্টর এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন। উল্লেখ্য, গত ২২ ডিসেম্বর ভুবনেশ্বরে আয়োজিত এই ব্যান্ড প্রতিযোগিতায় বিশ্রামগঞ্জের সেন্ট জেভিয়ার্স স্কুলের ব্রাস ব্যান্ড-গার্লস দলটি অংশগ্রহণ করেছিল। ত্রিপুরা ছাড়াও ঝাড়খন্ড, পশ্চিমবঙ্গ, ওড়িশা, অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, মণিপুর, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম থেকে ছাত্রছাত্রীরা এই ব্যান্ড প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের বিদ্যালয় শিক্ষা ও স্বাক্ষরতা বিভাগ এবং প্রতিরক্ষা মন্ত্রকের যৌথ উদ্যোগে প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে জাতীয় স্কুল ব্যান্ড প্রতিযোগিতা আয়োজন করা হয়। এবছর নতুন দিল্লির ন্যাশনাল স্টেডিয়ামে আগামী ২১ ও ২২ জানুয়ারি এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এতে ব্রাস ব্যান্ড-গার্লস, ব্রাস ব্যান্ড-বয়েজ, পাইপ ব্যান্ড-গার্লস, পাইপ ব্যান্ড-বয়েজ এই চারটি বিভাগে জোনাল স্তরের বিজয়ীদলগুলো অংশগ্রহণ করবে।
